# তারেক রহমানের বিরুদ্ধে এনসিপির অভিযোগ ভিত্তিহীন: রিজভী




সংগৃহীত ছবি

বিএনপির সিনিয়র যুগ্ম মহাসচিব রুহুল কবির রিজভী বলেছেন, তারেক রহমানের বিরুদ্ধে জাতীয় নাগরিক পার্টির অভিযোগ ভিত্তিহীন। তিনি বলেন, এটি জনমনে বিভ্রান্তি ছড়ানোর উদ্দেশ্যপ্রণোদিত প্রোপাগান্ডার অংশ।

শনিবার (২৪ জানুয়ারি) প্রয়াত আরাফাত রহমান কোকোর মৃত্যুবার্ষিকীতে বনানীতে তার কবর জিয়ারত শেষে রিজভী আরও জানান, ওয়ান ইলেভেন এবং আওয়ামী লীগ সরকার আমলে আরাফাত রহমান শারীরিক ও মানসিকভাবে নির্যাতিত ছিলেন। তিনি বলেন, নির্বাচন কমিশনের অনুরোধে তারেক রহমান উত্তরবঙ্গের সফর স্থগিত করেছিলেন এবং পরে নিয়ম অনুযায়ী প্রচারণা পরিচালনা করেছেন।

রিজভী প্রতিপক্ষের উসকানিমূলক কর্মকাণ্ডের কথাও উল্লেখ করেন। তিনি বলেন, তারেক রহমানের নেতৃত্ব ও বক্তব্যকে ঈর্ষার দৃষ্টিতে দেখা হচ্ছে, তাই কিছু মহল জনমনে বিভ্রান্তি ছড়ানোর চেষ্টা করছে। তিনি এ ধরনের কুপ্রচারকে জনগণের কাছে গ্রহণযোগ্য নয় বলে মন্তব্য করেন।

LENS ASIA